

TRUE COPY

Advocate for the Petitioner

Annexure - B-4

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
গোয়াইনঘাট, সিলেট।

স্মারক নং - উশিঅ/গোয়াইন/সিল/২০১১/

তারিখ-

বিষয় : বহুপুঞ্জি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পরিবেশ সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : মহোদয়ের ২৭/১১/২০১১ ইং তারিখের টেলিফোনিক নির্দেশ মোতাবেক।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাইতেছে যে, নিম্নস্বাক্ষরকারীর গত ২৯/১১/২০১১ইং তারিখ বহুপুঞ্জি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সরেজমিনে পরিদর্শনে যাই। বিদ্যালয়ের পরিবেশ সম্পর্কিত প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে সর্ববিনয়ে প্রেরণ করা হইল।

সংযুক্ত :

১। বিদ্যালয়ের পরিবেশ সম্পর্কিত প্রতিবেদন।

প্রাপক : বিভাগীয় উপ-পরিচালক
প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ
সিলেট।

(দিলীপময় দাশ চৌধুরী)
উপজেলা শিক্ষা অফিসার(ভা:প্রা:)
গোয়াইনঘাট, সিলেট।

স্মারক নং - উশিঅ/গোয়াইন/সিল/২০১১/৫৬৯(৬)

তারিখ- ০৫/১২/২০১১

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ০১। মহাপরিচালক, বাংলাদেশ পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক, বাংলাদেশ পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট।
- ০৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।
- ০৪। উপজেলা নিবাহী অফিসার, গোয়াইনঘাট, সিলেট।
- ০৫। অফিস কপি।

(দিলীপময় দাশ চৌধুরী)
উপজেলা শিক্ষা অফিসার(ভা:প্রা:)
গোয়াইনঘাট, সিলেট।

বল্লাপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পরিবেশ সম্পর্কিত প্রতিবেদন।

আমি নিম্নস্বাক্ষরকারী গত ২৯/১১/২০১১ ইং তারিখ বল্লাপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় সারেকামিনে পরিদর্শন করেছি। পরিদর্শনকালে উপস্থিত শিক্ষক-শিক্ষিকাদের লিখিত বক্তব্য গ্রহণ করি। (যাহা সংযুক্ত) বিদ্যালয়টি গোয়াইনঘাট উপজেলার প্রত্যন্ত বাংলাদেশ-ভারত সীমান্তে পিয়াইন নদীর তীরে অবস্থিত। বিদ্যালয়ে কর্মরত শিক্ষক সংখ্যা ০৫ জন শিক্ষার্থীর সংখ্যা ৭৭৩ জন। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা-২০০৯ এবং ২০১০ এর পাশের হার ১০০%। বৃত্তিপ্রাপ্ত ছাত্র সংখ্যা ০৬ জন। যার মধ্যে ট্যালেন্টপুলে ০৫ জন এবং সাধারণ বৃত্তি ০১ জন। অবস্থানগত কারণে বিদ্যালয়টির পরিবেশ অস্বাস্থ্যকর। বিদ্যালয়টির চারদিকে অবস্থানরত বস্তি, পিকনিক স্পট, স্টোন ক্রাশার মেশিন এবং পাথর ব্যবসা প্রতিষ্ঠানগুলো বিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রমকে যেমনি ব্যাহত করছে তেমনি বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীর দৈনিক ও মানসিক স্বাস্থ্যের জন্য হুমকি স্বরূপ ভূমিকা রাখছে। বিদ্যালয়ের কোন সীমানা প্রাচীর নাই। স্বল্প আর্থিক মামলা চলার কারণে চৌহান্দা নির্ধারণও জটিলতা রয়েছে। পাথর বোয়ারী নিষ্কটবর্তী হওয়ার কারণে বিদ্যালয়ের ভূমি দখলে নেওয়ার অপচেষ্টাও রয়েছে।

বিদ্যালয়ের পরিবেশ বিপর্যয়ের প্রধান কারণ স্টোন ক্রাশিং মেশিন। বিদ্যালয়ের তিন দিকে সীমানা ঘেঁষে অনেক গুলো মেশিনে পাথর ভাঙ্গার কাজ সারা বছর ধরেই চলে। ফলে পাথর ভাঙ্গা থেকে উদ্ভূত ধূলিকণা শিশুদের চোখে প্রবেশ করছে এবং শরীরের অন্যান্য অঙ্গে লেগে যাচ্ছে। মেশিনগুলোর সম্মিলিত শব্দ শিক্ষক ও শিক্ষার্থীর শ্রবণ শক্তির উপর প্রভাব ফেলছে। পাঠদানের সময় শিক্ষকগণ উচ্চস্বরে কথা বলতে বাধ্য হচ্ছেন।

পাথর পরিবহন কাজে ব্যবহৃত ট্রাক গুলো বিদ্যালয় প্রাঙ্গনে শ্রেণীকক্ষ ঘেঁষে প্রতিনিয়ত পাথর নোড ও আনলোডের কাজে নিয়োজিত। যা কোমলমতি শিশুদের দৃষ্টি আকর্ষণ করে এবং শ্রেণী পাঠদান কার্যক্রমে তাদের মনোনিবেশকে ব্যাহত করে।

বিদ্যালয়ের পশ্চিম দিকে অবস্থানরত খাবার হোটেলের পরিত্যক্ত ময়লা দুর্গন্ধ ছড়ায় যা শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য অস্বস্তিকর।


বিদ্যালয়ের জায়গা নিয়ে মামলা থাকার এবং প্রতিপক্ষ প্রভাবশালী হওয়ার কারণে বিদ্যালয়ের জায়গাসহ পার্শ্ববর্তী জায়গায় বস্তি গড়ে উঠেছে। বস্তির পরিবেশ, বর্জ্যবর্জিত কার্যক্রম এবং আচীর আচরণ বিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রতিবন্ধক।

বিদ্যালয় এলাকা আকর্ষণীয় পিকনিক স্পট হওয়ার প্রতিদিন বিদ্যালয় প্রাঙ্গন পিকনিকের দায়িত্বে ভরে যায়। আর অসংখ্য মানুষ মানবিক সাহায্যের প্রয়োজনে বিদ্যালয়ের শরণাপন্ন হয়। ফলে শ্রেণীপাঠদান কার্যক্রম পরিচালনা কষ্টকর হয়ে পড়ে। ভাত খাবার প্যাকেট, পানির বোতলসহ অন্যান্য আবর্জনার বিদ্যালয়ের পরিবেশ নোহুতা হয়।

বাতের বেলা বিদ্যালয়টি বখাটেদের দখলে চলে যায়। যার আলামত প্রায়ই দিনের বেলা বিদ্যালয় প্রাঙ্গনে বিচ্ছিন্ন ভাবে চোখে পড়ে।

বিদ্যালয়ের সার্বিক পরিবেশ শিশুর মানসিক স্বাস্থ্যের ক্ষতি করছে চরমভাবে। বিগত ডুলাই ২০১০ ইং সালের প্রথম সপ্তাহে বিদ্যালয়ের প্রায় ১৫ জন শিশু মানসিক রোগে আক্রান্ত হয়। যাহা ভূত পেত্রীর গুজব ছড়াতে যাহায্য করে। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা মহোদয়ের আন্তরিক প্রচেষ্টার কারণে এটি কড় আকার ধারণ করেনি।

শিক্ষার্থী, শিক্ষক ও বিদ্যালয়ের সার্বিক কল্যাণের জন্য এ অবস্থা থেকে পরিষ্কার প্রয়োজন।


(দিলীপকুমার দাশ চৌধুরী)
উপজেলা শিক্ষা অফিসার (ডা:প্রাঃ)
গোয়াইনঘাট, সিলেট।